যশোর বোর্ড-২০১৭

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র বিষয় কোড : ২ ৮ ৬

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১.▶ রাজশাহীর সাহেব বাজারে মি. আনছারের একটি খাবার হোটেল আছে। দোকানটিতে খাবার তৈরি ও পরিবেশনার জন্য ৮ জন কর্মচারী আছে। হোটেলের খাবারের মান ভাল এবং শহরের কেন্দ্রবিন্দুতে অবস্থিত হওয়ায় গ্রাহকের সংখ্যা প্রতিদিন বেড়েই চলেছে। 'খাবার হোটেল মানে আনছারের হোটেল'— এ কথা এখন সবার মুখে মুখে।

ক. স্থানগত উপযোগ কী? ১

খ. "গুদামজাতকরণ সময়গত উপযোগ সৃষ্টি"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মি. আনছারের ব্যবসায়টি উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. আনছারের ব্যবসায়ের কলেবর বৃদ্ধির পেছনে কী কারণ থাকতে পারে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

২.▶ আতিক তৃষা প্রকাশনীতে কাজ করে। সে মাসে বেতন পায় ৩০,০০০ টাকা। সে সংসার খরচ বাদ দিয়ে মাসে ৫০০ টাকা ব্যাংকে জমা রাখে। ব্যাংকে জমানো অর্থ দিয়ে ভবিষ্যতে তিনি একটি লাইব্রেরি প্রতিষ্ঠা করার চিন্তা-ভাবনা করছে।

ক. শ্রম কী? ১

খ. "ভূমি প্রকৃতির দান"— ব্যাখ্যা করো। ২

গ. মূলধন গঠনের কোন পর্যায়ের আওতায় আতিক অর্থ জমা করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সংগঠন বিবেচনায় আতিকের ব্যবসায়টি ধরন বিশ্লেষণ করো। ৪

৩.▶ বাংলাদেশে 4G মোবাইল ব্যাপক চাহিদা থাকায় মিলন রাজশাহীর নিউমার্কেটে ৩৮ কোটি টাকা বিনিয়োগ করে 'রংধনু টেলিকম' নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। প্রাথমিক পর্যায়ে ১২০ জন মোবাইল বিশেষজ্ঞ ও বিক্রয়কর্মী নিয়োগ দিয়ে তিনি এ কার্যক্রম শুরু করেন। পরবর্তীতে আরও ১৫০ জন বিশেষজ্ঞ কর্মী নিয়োগ দেন। এর ফলে প্রতিষ্ঠানের সফলতা উত্তরোত্তর বৃদ্ধি পায়।

ক. মিতব্যয়ী উৎপাদন মাত্রা কী? ১

খ. কেন মাঝারি এন্টারপ্রাইজ থেকে ক্ষুদ্র এন্টারপ্রাইজ ভিন্ন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে "রংধনু টেলিকম" প্রতিষ্ঠানটি কোন ধরনের এন্টারপ্রাইজ? ব্যাখ্যা করো। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে 'রংধনু টেলিকম' কতটুকু ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৪.▶ মি. মুক্ত ঢাকার একটি বায়িং হাউজে কর্মরত আছেন। তার ওপর অর্পিত দায়িত্ব তিনি সতর্কতার সাথে পালন করেন। তিনি প্রতি মাসে ৭০,০০০ টাকা বেতন পান। অন্যদিকে তার ছোট ভাই মি. রাজা আমেরিকার একটি বিপণিতে কাজ করেন। তিনি বাংলাদেশি টাকায় ১,২০,০০০ টাকা বেতন পান।

ক. মোট জাতীয় উৎপাদন কী? ১

খ. মোট দেশজ উৎপাদন কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. মি. রাজার আয় বাংলাদেশে কোন আয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. মুক্ত এবং মি. রাজার আয় বাংলাদেশের জাতীয় আয়কে কীভাবে প্রভাবিত করবে বলে তুমি মনে করো? মতামতসহ বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৫.▶ মি. মোত্তালিব মোল্লা 'নাটোর বেকারীর' একজন উৎপাদক ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ঘোষণা দেন যে, যে সকল কর্মী সর্বোচ্চ পরিমাণ উন্নতমানের কেক ও বিস্কুট উৎপাদন করতে পারবে, তাদেরকে প্রতি মাসে অতিরিক্ত ৩,০০০ টাকা বোনাস দেয়া হবে। ফলে প্রথম মাসে টার্গেট পরিমাণ পণ্য উৎপাদন করতে অনেকেই সমর্থ হলো।

ক. ক্রেতা কেন্দ্রিকতা কী? ১

খ. "সেবার মালিকানা হস্তান্তর করা যায় না"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মি. মোত্তালিব-এর ঘোষণাটি উৎপাদনশীলতার কোন গুরুত্বটি নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'কর্মী বাহিনীর 'বোনাস প্রদান' ঘোষণা পণ্য উৎপাদন বৃদ্ধির সহায়ক'— উদ্দীপকের আলোকে উক্তিটির তাৎপর্য মূল্যায়ন করো। ৪

৬.▶ মি. নওসাদ রাজশাহীর সাহেব বাজারে একটি টেইলারিং শপের মালিক। তিনি ক্রেতাদের চাহিদা এবং সময়ের সাথে তাল মিলিয়ে মনলোভা ডিজাইনের পোশাক তৈরি ও সরবরাহ করে থাকেন। এতে করে তার প্রতিষ্ঠান ক্রেতার সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তাই বর্ধিত চাহিদা পূরণের জন্য তিনি অত্যাধুনিক স্বয়ংক্রিয় মেশিন ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

ক. ইমেজ সৃষ্টি কী? ১

খ. "সংস্কৃতি দ্বারা পণ্য ডিজাইন প্রভাবিত হয়"— ব্যাখ্যা করো। ২

গ. মি. নওসাদ পথমে কোন ধরনের ডিজাইনের ওপর গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক মি. নওসাদের সিদ্ধান্তটি কতটুকু সঠিক বলে তুমি মনে করো? মূল্যায়ন করো। ৪

৭.▶ 'হাসান গ্রুপ' ফোম উৎপাদন ও বাজারজাতকরণের মান নিয়ন্ত্রণে দেশীয় সংস্থা থেকে নিবন্ধিত একটি প্রতিষ্ঠান। সম্প্রতি প্রতিষ্ঠানটি চীনে ফোম রপ্তানির পরিকল্পনা গ্রহণ করে। কিন্তু চীন ফোমের একটি আন্তর্জাতিক সংস্থার মান সনদ দেখতে চায়। এজন্য প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক সংস্থা থেকে মান সনদ সংগ্রহ করে চীনে ফোম রপ্তানি শুরু করে। এতে প্রতিষ্ঠানটির রপ্তানি কার্যক্রম সম্প্রসারিত হয় এবং বৈদেশিক মুদ্রা অর্জনে সক্ষম হয়।

ক. প্রশিক্ষণ ব্যয় কী? ১

খ. "সার্বিক মান ব্যবস্থাপনা উৎপাদনের গুণগত মান নিশ্চিত করে"— ব্যাখ্যা করো। ২

গ. 'হাসান গ্রুপ দেশীয় কোন সংস্থা থেকে মান সনদ সংগ্রহ করেছে'— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের হাসান গ্রুপের রপ্তানি সম্প্রসারণে আন্তর্জাতিক সংস্থাটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৮.▶ সাহিদা পারভীন নাটোরের বিসিক এলাকায় একটি বুটিক এন্ড টেইলার্স স্থাপন করেছেন। প্রতিষ্ঠানটিতে তিনি বছরে ২০,০০০ একক পণ্য উৎপাদন করেন। এজন্য তিনি কারখানার ভাড়া ২৫,০০০ টাকা, স্থায়ী ব্যয় ৭৫,০০০ টাকা, কাঁচামাল ৭,৪০,০০০ টাকা এবং মজুরি বাবদ ২,৩০,০০০ টাকা ব্যয় নির্বাহ করেন। ফলে প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত উৎপাদনের কাছাকাছি অবস্থান করছে।

http://teachingbd.com

ক. সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা কী? ১

খ. 'একটি নির্দিষ্ট সময়ের পরে যন্ত্রের উৎপাদন ক্ষমতা হ্রাস পায়'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে সাহিদা পারভীনের 'বুটিক এন্ড টেইলার্স'-এ কোন ধরনের উৎপাদন ক্ষমতা ব্যবহার হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে সাহিদা পারভীনের 'বুটিক এন্ড টেইলার্স' এর এককপ্রতি উৎপাদন ব্যয় কত? মূল্য নির্ধারণে এককপ্রতি ব্যয় নির্ধারণ কতটুকু যৌক্তিক বলে তুমি মনে করো? ৪

৯.▶ মি. হাসান একজন বিশিষ্ট ব্যবসায়ী। তিনি ইক্ষু থেকে গুড় এবং চিনি তৈরির প্রকল্প হাতে নিলেন। আখ উৎপাদনকারী এলাকা নাটোরের বাগাতিপাড়ায় তিনি গুড় এবং চিনি তৈরির কারখানা স্থাপন করেন। গুড় এবং চিনি তৈরির প্রধান কাঁচামাল ইক্ষু তিনি সরাসরি কৃষকদের নিকট থেকে সংগ্রহ করেন। কারখানায় উৎপাদিত গুড় ও চিনি তিনি পৃথকভাবে বাজারজাত করে বেশ সফলতা অর্জন করেন।

ক. ব্যবসায় পরিবেশ কী? ১

খ. ব্যবসায়ের অবস্থান কীভাবে ব্যয়কে প্রভাবিত করে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মি. হাসান বাগাতিপাড়ায় কারখানা স্থাপন করেন কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. হাসানের সফলতায় কারখানার অবস্থান কতটা ভূমিকা রেখেছে? মূল্যায়ন করো। ৪

১০.▶ মি. আতিক রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে মার্কেটিং বিষয়ে এমবিএ ডিগ্রি লাভ করেন। তিনি একটি পোল্ট্রি হ্যাচারি স্থাপনের জন্য বেশ কিছুদিন স্থান খুঁজেছিলেন। অবশেষে ঢাকার সাভারে তার ফার্মের কার্যক্রম শুরু করনে। প্রতিষ্ঠানের আশপাশে ব্যাংক, বিমা, বড় বড় ব্যবসায় প্রতিষ্ঠান ও অন্যান্য সেবামূলক প্রতিষ্ঠান থাকায় তিনি অল্প সময়ে ব্যবসায়ে সফলতা লাভে সক্ষম হন।

ক. কেন্দ্রীকরণ কী? ১

খ. "ব্যবসায়ের গ্রাম্য অবস্থানে কর অবকাশের সুযোগ বেশি"— ব্যাখ্যা করো। ২

গ. মি. আতিকের ব্যবসায়ের অবস্থানটি কোন শ্রেণির? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো সেবা খাতের সুবিধার জন্য মি. আতিকের ব্যবসায়ে সফলতা আসে? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

১১.▶ 'রয়্যাল গার্মেন্টস' একটি স্বনামধন্য পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। তিনি নিম্নের বিন্যাস প্রক্রিয়ার মাধ্যমে তার প্রতিষ্ঠানে পোশাক প্রস্তুত করেন।



ক. পণ্য বিন্যাস কী? ১

খ. "যথাযথ বিন্যাস প্রতিষ্ঠানের অপচয় হ্রাস করে"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের চিত্রে কোন ধরনের বিন্যাসের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত উৎপাদন প্রক্রিয়াটি কি অন্য উপায়ে বিন্যাস করা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ **উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. BSTI-এর কাজ কোনটি?
ক) বাজারজাতকরণ খ) মান নিয়ন্ত্রণ
গ) বণ্টন ঘ) ভোগ বৃদ্ধি

২. দেশি-বিদেশি নাগরিকগণ মিলে ১ বছরে যে দ্রব্য উৎপাদন করে তার সমষ্টিকে কী বলে?
ক) মোট জাতীয় উৎপাদন
খ) ব্যক্তিগত উৎপাদন
গ) মোট দেশজ উৎপাদন
ঘ) নিট দেশজ উৎপাদন

৩. কোন বিন্যাসের প্রায়োগিত ক্ষেত্র সীমিত ও কাঁচামাল স্থানান্তর ব্যয় শূন্য হয়?
ক) স্থির খ) প্রক্রিয়া
গ) পণ্য ঘ) অফিস

৪. কোনটি উৎপাদন ব্যবস্থাপনার কাজ?
ক) বাজারজাতকরণ খ) পণ্যের নক্সায়ন
গ) বণ্টন ঘ) পণ্যের উন্নয়ন

৫. একটি কোম্পানি তার পণ্য ডিজাইনে কয়টি স্তর অতিক্রম করে?
ক) ৪ খ) ৫
গ) ৬ ঘ) ৭

৬. উৎপাদন ব্যবস্থাপনার আধুনিক যুগের বিপ্লবের মূলে কী ছিল?
ক) ক্রেতাসেবা খ) তথ্যপ্রযুক্তি
গ) অধিক উৎপাদন ঘ) অধিক মুনাফা

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।
২০১৫-২০১৬ অর্থবছরে 'ক' দেশের মোট খাজনার পরিমাণ ছিল ৪,০০০ কোটি টাকা, মজুরি ৩,৬০০ কোটি টাকা, মোট সুদ ৪,৮০০ কোটি টাকা এবং অবচয় ছিল ৪,২০০ কোটি টাকা।

৭. নিচের কোনটি 'ক' দেশের GNP (কোটি টাকায়)?
ক) ৭,৬০০ খ) ৮,০০০
গ) ৮,৪০০ ঘ) ১২,০০০

৮. দেশটির NNP কত (কোটি টাকায়)?
ক) ৭,৬০০ খ) ৭,৮০০
গ) ৮,৪০০ ঘ) ১২,৬০০

৯. প্রকৃত উৎপাদনের বিষয়টি কীসের ওপর নির্ভর করে?
ক) যন্ত্রপাতির খ) পণ্য বা সেবার
গ) মিতব্যয়িতার ঘ) জনশক্তির

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।
মি. লাইটার ২০ কোটি টাকা ও ১২০ জন শ্রমিক নিয়ে মেহেরপুরে একটি লিড লাইট বাল্ব তৈরির কারখানা স্থাপন করেন। সম্প্রতি বাল্বের চাহিদা বৃদ্ধি পাওয়ায় তিনি ব্যবসাটি সম্প্রসারণের চেষ্টা করেছেন।

১০. উৎপাদন মাত্রা বিবেচনায় মি. লাইটারের ব্যবসাটি কোন ধরনের?
ক) ক্ষুদ্র খ) মাঝারি
গ) বৃহদায়তন ঘ) সমবায়

১১. মি. লাইটারের ব্যবসাটি সম্প্রসারণের জন্য আবশ্যকীয় করণীয় হলো—
i. ২০ কোটি টাকা বিনিয়োগ
ii. যন্ত্রপাতি বাবদ ব্যয় ২০ কোটি টাকা
iii. ২০০ জন শ্রমিক নিয়োগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. মানুষের আয় বৃদ্ধি পেলে—
ক) সঞ্চয় ও ভোগ বাড়ে
খ) ভোগ ও ঋণ বাড়ে
গ) সঞ্চয় ও ভোগ স্থির থাকবে
ঘ) ভোগ ও ঋণ কমবে

১৩. পরিবহন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক) সময়গত খ) স্থানগত
গ) রূপগত ঘ) স্বত্বগত

১৪. কোনটি উৎপাদনের অন্তর্ভুক্ত?
ক) অর্থায়ন খ) বণ্টন
গ) কৃষি ঘ) প্রসার

১৫. উৎপাদনশীলতা বৃদ্ধির ফলে ঘটে—
i. মুনাফা বাড়ে ii. বিনিয়োগ বাড়ে
iii. পণ্যমূল্য কমে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।
মাসুমপর গ্রামের কৃষকগণ পাটের ন্যায্যমূল্য না পেয়ে পরস্পরের সহযোগিতার লক্ষ্যে নিজেরাই একটি সংগঠন গড়ে তোলে এবং নিজেদের ভাগ্যোন্নয়নে কার্যকর ভূমিকা পালন করে।

Teachingbd.com

http://teachingbd.com

১৬. উদ্দীপকের সংগঠনটি কোন ধরনের?
(ক) অংশীদারি (খ) যৌথ মালিকানা
(গ) সমবায় সমিতি (ঘ) ব্যবসায় জোট

১৭. উদ্দীপকের সংগঠনের মূল লক্ষ্য হলো—
i. নিজেদের স্বার্থরক্ষা
ii. অধিক মুনাফা অর্জন করা
iii. পণ্যমূল্য নিশ্চিত করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. বৃহদায়তন প্রতিষ্ঠানে অধিক হয়ে থাকে—
i. মূলধনের পরিমাণ ii. যান্ত্রিক ক্ষমতা
iii. শেয়ার মালিক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. মাত্রাজনিত ব্যয় সংকোচনের ধারণাটি কাজের কোন ধরনের স্তরকে নির্দেশ করে?
(ক) উচ্চস্তর (খ) মধ্যস্তর
(গ) নিম্নস্তর (ঘ) কাম্যস্তর

২০. ভূমির মালিকানা কীসের মাধ্যমে হস্তান্তর করা যায়?
i. ক্রয়ের ii. বিক্রয়ের
iii. শ্রমের
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. কোন ধরনের উৎপাদন ক্ষমতায় ব্যয় কমে সর্বোচ্চ পরিমাণ উৎপাদন করা যায়?
(ক) সর্বোচ্চ (খ) কার্যকর
(গ) প্রকৃত (ঘ) প্রকৌশলগত

২২. কোন ধরনের প্রতিষ্ঠানের পক্ষে রাষ্ট্রের উন্নয়নে অধিক ভূমিকা রাখার সুযোগ থাকে?
(ক) ক্ষুদ্র (খ) মাঝারি
(গ) বৃহদায়তন (ঘ) সমবায়

২৩. শিল্প বিপ্লব কোন দেশে সংঘটিত হয়?
(ক) আমেরিকায় (খ) জার্মানিতে
(গ) রাশিয়ায় (ঘ) ইংল্যান্ডে

২৪. পণ্যের পাশাপাশি প্যাকেটের গায়ে BSTI এর সিল বাধ্যতামূলক করা হয় কত সালে?
(ক) ১৯৬৩ (খ) ১৯৭১
(গ) ১৯৮৫ (ঘ) ১৯৮৯

২৫. জাহাজ নির্মাণ ক্ষেত্রে কোন ধরনের লে-আউট প্রযোজ্য?
(ক) প্রক্রিয়া (খ) স্থির
(গ) পণ্য (ঘ) সেবা

২৬. প্রক্রিয়া বিন্যাসের ফলে কী সুবিধা হয়?
(ক) অধিক উৎপাদন (খ) অধিক স্থান
(গ) অধিক স্থানান্তর ব্যয়
(ঘ) অধিক তত্ত্বাবধায়ন ব্যয়

উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
সম্প্রতি 'পল এন্টারপ্রাইজ' চীন থেকে নতুন ধরনের মোবাইল ফোন আমদানি করেছে। মোবাইল সেটটির সামনের ক্যামেরা উচ্চমানসম্পন্ন এবং ইন্টারনেট ব্রাউজিং দ্রুত হওয়ায় সেলফিপ্রেমীদের জন্য খুবই জনপ্রিয়।

২৭. উদ্দীপকের মোবাইল সেটটি কোন ধরনের পণ্য ডিজাইনের অন্তর্ভুক্ত?
(ক) উৎপাদন (খ) ব্যবহারিক
(গ) নান্দনিক (ঘ) প্যাকিং

২৮. পল এন্টারপ্রাইজের মোবাইল ফোনটি তৈরিতে পণ্য ডিজাইনের যে গুরুত্ব দেয়া হয়, তা হলো—
i. ভোক্তার সুবিধা ii. ক্রেতার রুচি
iii. নতুন প্রজন্ম
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯. কিসের ওপর জোর দিয়ে জাপানের গাড়ি উৎপাদকগণ আমেরিকার বাজার দখল করে?
(ক) উৎপাদনের (খ) বন্টনের
(গ) মজুদের (ঘ) প্রতিযোগিতার

৩০. উৎপাদন ক্ষমতার যথাযথ ব্যবহারের ওপর নির্ভর করে—
(ক) প্রতিষ্ঠানের সাফল্য (খ) প্রতিষ্ঠানের সুনাম
(গ) প্রতিষ্ঠানের লক্ষ্য (ঘ) প্রতিষ্ঠানের অবস্থান

১	খ	২	গ	৩	ক	৪	খ	৫	খ	৬	খ	৭	ঘ	৮	খ	৯	ক	১০	খ	১১	ঘ	১২	ক	১৩	খ	১৪	গ	১৫	ঘ
১৬	গ	১৭	খ	১৮	ক	১৯	ক	২০	ক	২১	খ	২২	গ	২৩	ঘ	২৪	ঘ	২৫	খ	২৬	ক	২৭	খ	২৮	ঘ	২৯	ক	৩০	ক

Teachingbd.com
http://teachingbd.com